# নবী (সা.) এর ছলাত সম্পাদনের পদ্ধতি

বিভাগ/অধ্যায়ঃ সালাত বিষয়ে বিস্তারিত

রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ নাছিরুদ্দিন আলবানী (রহ.)

مايقطع الصلاة যা ছলাত ভঙ্গ করে

নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলতেনঃ

يقطع صلاة الرجل إذا لم يكن بين يديه كآخرة الرحل : المرأة (الحائض) والحمار والكلب الأسود قال أبو ذر : قلت يارسول الله ! ما بال الأسود من الأحمر؟ فقال : الكلب الأسود شيطان

কোন ব্যক্তির সম্মুখে বাহনের পিছনের কাষ্ঠ খণ্ডের ন্যায় কিছু (সুতরা) না থাকলে (সাবালিকা) মহিলা[1], গাধা ও কাল কুকুরের অতিক্রমণ তার ছলাত ভঙ্গ করে ফেলে ।

আবু যর বলেন, আমি বললামঃ হে আল্লাহর রাসূল, লাল কুকুর ও কাল কুকুরের মধ্যে ব্যবধান হল কেন? তিনি বললেনঃ “কাল কুকুর হচ্ছে শয়ত্বান।[2]

## ফুটনোট

[1] (الحائض) শব্দ দ্বারা সাবালিকা মহিলা উদ্দেশ্য। আর ছালাত ভঙ্গ বলতে বাতিল হওয়া উদ্দেশ্য; পক্ষান্তরে لا يقطع الصلاة شئ অর্থঃ কোন কিছুই ছালাত ভঙ্গ করেনা উক্ত হাদীছটি দুর্বল, আমি “তামামুল মিন্নাহ” কিতাবের ৩০৬ পৃষ্ঠায় ও অন্যান্য কিতাবে এর তথ্য তুলে ধরেছি।

[2] মুসলিম, আবু দাউদ, ইবনু খুযাইমাহ (১/৯৫/২), আরো দেখুন আমার স্বরচিত “কবরকে মসজিদ হিসেবে গ্রহণ করা সম্পর্কে সাবধানবানী” ও “আহকামুল জানাইয ওয়া বিদাউহা” গ্রন্থদ্বয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8114

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন